

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট  
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
[www.imli.gov.bd](http://www.imli.gov.bd)



## সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২২ শে ফেব্রুয়ারি ২০২১

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এ চার দিনব্যাপী অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। চার দিনব্যাপী এ আয়োজনের দ্বিতীয় দিন, আজ ২২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় আন্তর্জাতিক সেমিনার। আলাদা দুটি অধিবেশনের এই সেমিনারের মূল প্রতিপাদ্য : **Bangabandhu and Mother Language-based Multilingual Education**; যার প্রথম অধিবেশনের বিষয় ছিল : **Mother Language-based Multilingual Education : Indian Perspective**। এতে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী, মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)। মূল বক্তা ছিলেন ড. পবিত্র সরকার, বিখ্যাত ভারতীয় ভাষাতত্ত্ববিদ এবং প্রাক্তন উপাচার্য, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলকাতা। আলোচনায় অংশগ্রহণ করেন বিশিষ্ট ভারতীয় ভাষাতত্ত্ববিদ ও ওড়িশার ফোকলোর ফাউন্ডেশনের ট্রাস্টি ড. মহেন্দ্র কুমার মিশ্র। প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি। সেমিনারের উক্ত অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে ভারুয়ালি সংযুক্ত ছিলেন জাতীয় অধ্যাপক মোহাম্মদ রফিকুল ইসলাম, সভাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি এবং হেড অ্যান্ড রিপ্রেজেন্টেটিভ, ইউনেস্কো, ঢাকা অফিস মিড বিয়েট্রিস কালডুন। এ অধিবেশনে সভাপতিত্ব করেন জনাব মোঃ মাহবুব হোসেন, সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। অধিবেশনে সঞ্চালকের দায়িত্ব পালন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সহকারী পরিচালক (সেমিনার, পরিকল্পনা ও আর্কাইভ) জনাব মোঃ আব্দুল মুমিন মোছাব্বির।

আলোচনায় মাননীয় শিক্ষামন্ত্রী বলেন, মাতৃভাষা আশ্রয়ী শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ভারতীয় ভাষাবিজ্ঞানী ও শিক্ষাবিদ ড. পবিত্র সরকার শিক্ষা ক্ষেত্রে ভারতীয় অভিজ্ঞতার আলোকে যেসব তথ্য-উপাত্ত ও আলোচনা উপস্থাপন করেছেন তা মাতৃভাষা আশ্রয়ী শিক্ষা ব্যবস্থার উন্নয়নে ভাবনার খোরাক যোগাবে।

দ্বিতীয় অধিবেশনের বিষয় ছিল : **Mother Language-based Multilingual Education : Bangladesh perspective**. এতে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী,

মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)। মূল বক্তা ছিলেন ড. সৈয়দ শাহরিয়ার রহমান, অধ্যাপক, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। আলোচনায় অংশগ্রহণ করেন জনাব মাশরুর ইমতিয়াজ, সহকারী অধ্যাপক, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মাসুদ বিন মোমেন, সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়। এ অধিবেশনে সভাপতিত্ব করেন জনাব মোঃ আমিনুল ইসলাম খান, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। অধিবেশনে সঞ্চালকের দায়িত্ব পালন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের উপপরিচালক (সেমিনার, পরিকল্পনা ও ভাষা-জাদুঘর) জনাব মোহাম্মদ আবু সাঈদ। দিনব্যাপী সেমিনারের শেষ প্রান্তে এসে সমবেত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ) জনাব মোঃ ফজলুর রহমান ভূঞা।

আলোচনায় শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী মহোদয় বলেন, মাতৃভাষা আশ্রয়ী শিক্ষা ব্যবস্থার উন্নয়নে এখন থেকে আমাদের সুপরিকল্পিতভাবে অগ্রসর হতে হবে। পাঠ্যপুস্তক প্রণয়নের ক্ষেত্রে ভাষাতত্ত্ববিদদের অন্তর্ভুক্তকরণের মাধ্যমে বিজ্ঞানভিত্তিকভাবে আমাদের সামনে এগিয়ে যেতে হবে।